দৈনিক জনকণ্ঠ

JAN. 07 2002

তারিখ ...
পৃষ্ঠা ১৬ কলাম ২

# আজ 'ও' লেভেল 'এ' লেভেলের পরীক্ষা শুরু ॥ পরীক্ষার্থী আড়াই হাজার

জনকণ্ঠ রিপোর্ট ॥ হরতালের বিষয়টিকে মাথায় রেখে ব্রিটিশ কাউন্সিল প্রণীত বিকল্প সময়সূচী অনুযায়ী আজ

## আজ 'ও' লেভেল 'এ' লেভেলের

(১২-এর পাতার পর)

সোমবার থেকে অর্ডিনারি লেভেল ('ও' লেভেল) এবং এ্যাডভান্স লেভেল ('এ' লেভেল)-এর পরীক্ষা শুরু হচ্ছে। এই সেশনে দু'টি লেভেল থেকে অংশ নিচ্ছে প্রায় আড়াই হাজার পরীক্ষার্থী। সূত্র জানায়, গত দেড় দশক ধরে বিভিন্ন সময়ে হরতাল কর্মসূচীর কারণে 'ও' এবং 'এ' লেভেলের পরীক্ষায় মারাত্মক বিঘ্ন ঘটেছে। কারণ, অন্যান্য পাবলিক পরীক্ষা কোন কারণে স্থগিত কিংবা বাতিল করা হলে পরবর্তীতে সুবিধাজনক যে কোনদিন নেয়া যায়। কিন্তু 'ও' এবং 'এ' লেভেলের পরীক্ষার ক্ষেত্রে এই সুযোগ নেই। 'ইউনিভার্সিটি অব লন্ডন' এবং 'ইউনিভার্সিটি অব ক্যামব্রিজ' পরিচালিত এই দু'টি লেভেলের পরীক্ষা সব দেশেই একই দিনে হয়। অর্থাৎ উল্লিখিত দুই বিশ্ববিদ্যালয়ের অধীনে যেসব দেশে ও লেভেল, এ লেভেল পড়ানো হয় সেখানে বিশ্ববিদ্যালয়ের পূর্ব নির্ধারিত সময়েই পরীক্ষা নিতে হয়। ইচ্ছামাফিক পরীক্ষার সময় নির্ধারণের কোন